

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
অডিট শাখা  
পরিবহন পুল ডবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, রোড।  
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০১৪২.১৬.৩৪.১৯-১৫১

তারিখঃ ১৮ ভাদ্র ১৪২৬ ব.  
০২ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়: লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন শাখাতি জব্বারিয়া দাখিল মাদ্রাসা-এরDIAকর্তৃক গত ১৯/০৮/২০১৫ খ্রি: তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন শাখাতি জব্বারিয়া দাখিল মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশের আলোকে) পরবর্তী করণীয় নির্দেশনা।

সূত্র: (১) DIA-এর স্মারক নং-ডিআইএ/লালমনিরহাট/২৪৫-এম/ঢাকা: তারিখ: ১৯/১০/২০১৬ খ্রি:  
(২) DME-এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০৫৯.১৯-১৪৬ তারিখ: ১০/০৬/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে (লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন শাখাতি জব্বারিয়া দাখিল মাদ্রাসা কর্তৃক) প্রণীত ব্রডশীট জবাব নিম্নোক্ত কারণে গ্রহণযোগ্য নয়।

(ক) যে ক্ষেত্রে উত্থাপিত আপত্তি মতে টাকা আদায় আবশ্যিক সে ক্ষেত্রে টাকা সরকারি কোষাগারে জমা দান ব্যতিত আপত্তি নিষ্পত্তিযোগ্য নয়।

(খ) Online M.P.O-ভুক্তির জন্য Password প্রয়োজন এবং উক্ত Password মাদ্রাসা প্রধানের নিকট সংরক্ষিত থাকে বিধায় মাদ্রাসার সুপারের অজ্ঞাতসারে কারো নাম এমপিও শিটে অর্ন্তভুক্তি সম্ভব নয়। সুতরাং এরুপ Wrong entry –এর জন্য দায়ী ব্যক্তি সনাক্ত হওয়া প্রয়োজন।

০২. এফগে এ বিষয়ে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে-

(ক) সহকারী মৌলভী জনাব মো: আব্দুস সাত্তার কর্তৃক অতিরিক্ত গৃহীত ১৭,৫৮০/-টাকা, সহকারী শিক্ষক জনাব মো: আব্দুল আজিজ কর্তৃক অতিরিক্ত গৃহীত ১৭,৫৮০/-টাকা এবং জুনিয়র মৌলভী জনাব মো: আব্দুল্লাহ এবং আ: করিম জুনিয়র শিক্ষক স্বারী মো: মুছা আনছারী কর্তৃক অতিরিক্ত গৃহীত (২৪X১০০X৩)=৭২০০/-টাকা ফেরতের সুপারিশ অবাস্তবায়িত। জেলা শিক্ষা অফিসার এবং মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মতামতের আলোকে উক্ত শিক্ষকগণ (১৭,৫৮০+১৭,৫৮০+ ৭২০০) মোট ৪২,৩৬০/-টাকা আগামী ১৫/০৯/১৯ খ্রি: তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(খ) মো: আব্দুল আজিয়া সহকারী গণিত শিক্ষক, (ইনডেক্স-নং ২১০২০৫৮) এর নাম উক্ত শিক্ষকের অজ্ঞাতসারে এমপিওতে আসে এবং নাম কর্তনের আবেদন রেজুলেশনসহ মহাপরিচালকের দপ্তরে দাখিল করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য যে, Online M.P.O-তে অর্ন্তভুক্তির বিষয়ে Password সংশ্লিষ্ট সুপারের নিকট রক্ষিত থাকে বিধায় কারো অজ্ঞাতে M.P.O Sheet-এ কারো নাম ভুক্তি বা কর্তনের সুযোগ না থাকায় কোন কর্মকর্তার গাফিলতিতে এ রকম ভুল হয়েছে তা সনাক্তক্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এর প্রমাণক আগামী ২০/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে TMED-তে প্রেরণ করা।

০৩. এমতাবস্থায়, উপরিউক্ত অনুচ্ছেদ-২(ক) এবং ২(খ) মতে ব্যবস্থা গ্রহণক্রমে প্রমাণকসহ BSR আগামী ২০/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে TMED –তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

মহাপরিচালক,  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইসকাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

৫৭.০০.০০০০.০১৪২.১৬.৩৪.১৯-১৫১

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৬ ব.  
০২ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
০৩. যুগ্মসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. অফিস কপি/মাস্টার কপি।

  
০২/০৯/১৯  
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোন: ৯৫৭৫২৭২